

তাহের ম. শায়েখ

প্রতীপ প্রণয়ে

সুহৃদ সময়ের গল্পে মুখর
লহরী দ্যোতনা সুখাশ্বেষী অভিযান শেষে
তাড়বে দোলে বেহুলার মান্দাস,
নান্দনিক বন্দর দুরত্যয় নিলীন
দিঠিতে উড়ে বিষাদের পয়োদ
বাঙলী প্রতীপ প্রণয়ে ভাসে ।
রুদ্র বানের শীকর
হিরন্যুয় সাহসে আঁকে পারাবাস্ত প্রচ্ছদ ।
তামসিক দিগন্তে উঠুক দিনেশ
মন্দর উম্মুখ সম-প্রবাহন
শাদ্বল-হৃদয় মসুন পিদিম ।

অবেলা

ভেঙে চাদ টুকরো টুকরো চমকায়
ক্রমশ নেচে উঠে কল্লোল পেলব বিভায় ।
তা হলে নাশেও সুখ আছে?
গভীর স্তরু চোখে বিমূর্ত ছবি
অন্ধকারের মতো দুর্বোধ্য
বিভ্রান্ত পথে হাটাহাটি, বেলাশেষের ভ্রু-পল্লবে
উদাসীন বালিরেখা; অ-হৃদ্য ঢেউ ঠোটে ঝুলে
স্ব-সৃষ্ট কষ্টের দেয়ালে বন্দী ।
সব মেঘ বৃষ্টির স্বাদ পাবে কি?

শুধু তৃষিত চাতক তড়পায় ...